



অমৃত সমান

সমীর সেন

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

শনিবার সন্ধ্যা সাতটা। পাড়ার ফাংশনে মাইকে তারস্বরে জগবাম্প গান হচ্ছিল। পাশাপাশি দুটো ঘরে মা প্রীতি টি. ভি. দেখছিল, মেয়ে স্মৃতি হায়ার সেকেণ্ডারির পড়া পড়ছিল। প্রীতির মোবাইল বেজে উঠলো। সুইচ অন্ করে প্রীতি বলল, হ্যালো।হ্যাঁ, আমি। উ মাইকের যা আওয়াজ।ঠিক আছে, কাল বিকেল চারটায় মেট্রো সিনেমার সামনে তো? ও. কে. রাখছি।

কিছুক্ষণ পর স্মৃতির মোবাইল বেজে উঠল। সুইচ অন্ করে স্মৃতি বলল, হ্যালো।হ্যাঁ, আমি। ইস্, মাইকের যা গাঁক - গাঁক আওয়াজ।ও, হ্যাঁ, হ্যাঁ, কাল বিকেলে চারটায় ভিক্টোরিয়ার গেটের সামনে। ঠিক আছে, রাখছি। পরদিন বিকেল চারটা দশে মেট্রো সিনেমার সামনে গিয়ে প্রীতি দেখল অস্বরীশ আসেনি। বিরত্ত হল প্রীতি। ভাবল আরো মিনিট দশেক দেখে যাবে ও, ফোনও করবে না অস্বরীশকে। চারটা কুড়িতে ব্রুদ্র প্রীতি স্থানত্যাগ করার আগে ভাবল, এখন মানুষ দু-নস্বরী, স্বাসযোগ্য নয়।

হস্তদস্ত হয়ে চারটা পাঁচে ভিক্টোরিয়ার গেটে হাজির হল স্মৃতি। দেখল পূতান্নি আসেনি। উদাসীন ঘড়ির কাঁটা আস্তে - আস্তে চারটা দশ ছাড়িয়ে যখন চারটা পনেরোয়, ব্রুদ্র স্মৃতি ভাবল, অন্য কোনো যজ্ঞকাঠ এখন পূতান্নিতে পুড়ে যাচ্ছে না তো? চারটা পঁচিশ পর্যন্ত অপেক্ষা করে ওকে ফোন না করেই চলে যাওয়ার সিদ্ধান্ত নিল স্মৃতি। অবশেষে চারটা পঁচিশে স্থানত্যাগ করল।

পরদিন কলেজ যাওয়ার সময় মোবাইল হাতব্যাগে ঢোকাতে গিয়ে হঠাৎ সভয়ে লক্ষ করল স্মৃতি মোবাইলের পিছন দিকে পাকা লাল রঙে ছোট্ট করে লেখা ইংরাজি পি অক্ষরটি ওর দিকে জুলজুল করে তাকিয়ে দুষ্টু হাসিহাসছে। মা তখন বাথমে। ও ছুটে গিয়ে মা -র ঘরে পড়ে থাকা মোবাইলের সঙ্গে নিজের মোবাইল বদল করে দ্রুত নিজের ঘরে ফিরে এল। বাবার কাণ্ডজ্ঞানকে মনে - মনে ধিক্কার দিল স্মৃতি। কারণ গত পূজোয় ওর উচ্চপদস্থ বাবা কন্ট্রাক্টরের কাছ থেকে উপরি পেয়ে মা- মেয়েকে একই কোম্পানির একই মডেলের দুটো মোবাইল উপহার দিয়েছিলেন।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com